

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd


নং-৩৭.০০.০০০০.০৭১.১৮.২০৫.১৮- ৩৩৬

তারিখ : ১৩ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
২৭ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয় : ২০১৮ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.), আলিম, ডিপ্লোমা-ইন-কমার্স, এইচ.এস.সি. (ভোকেশনাল) এবং এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষার প্রশ্নপত্র ট্রেজারী/থানা/ব্যাংক এর নিরাপত্তা হেফাজত হতে গ্রহণ ও কেন্দ্রে পরিবহন সংক্রান্ত।

২০১৮ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.), আলিম, ডিপ্লোমা-ইন-কমার্স, এইচ.এস.সি. (ভোকেশনাল) এবং এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষায় প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) নিয়োগ দিতে হবে। তাঁরা ট্রেজারী/থানা/ব্যাংক এর নিরাপত্তা হেফাজত হতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধিসহ কেন্দ্রের দূরত্ব অনুযায়ী প্রয়োজনীয় সময় পূর্বে পুলিশ প্রহরায় প্রশ্নপত্র কেন্দ্রে নিয়ে যাবেন। রুটিন অনুযায়ী প্রতিদিনের ঐদিনের এম.সি.কিউ. ও রচনামূলক/সৃজনশীলের সকল সেট প্রশ্নপত্র পরীক্ষা কেন্দ্রে নিতে হবে। সেট কোড পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পূর্বে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেটকোডের প্রশ্নপত্রের প্যাকেট খুলে পরীক্ষা গ্রহণ করতে হবে। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুযায়ী প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৭/০৩/২০১৮
(আবু আলী মো: সাজ্জাদ হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৭৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,..... (সকল)।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, (সকল) জেলা।
৫. পুলিশ সুপার,..... (সকল) জেলা।

অনুলিপি :

১. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন/ প্রশাসন ও অর্থ/ মাধ্যমিক-১/মাধ্যমিক-২/কলেজ/বিশ্ববিদ্যালয়/প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।